গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
পরিকল্পনা-১ শাখা

২০২২-২৩ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাইসমিক কার্যক্রমের নভেম্বর ২০২২-এর পর্যালোচনা সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আ: খালেক মল্লিক<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৯-১১-২০২২ খ্রি. |
| সভার সময় | বেলা ০৩:০০ মিনিট |
| স্থান | অনলাইন সিস্টেম |
| উপস্থিতি | রেকর্ডেড |

**২.০ উপস্থাপনা:**

সভাপতি অনলাইন সিস্টেমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (পরিকল্পনা-১) ও কমিটির সদস্য জনাব শাকিল আহমেদকে অনুরোধ করেন। তিনি জানান যে, পেট্রোবাংলার অধীন ৩টি কোম্পানির সিসমিক জরীপ প্রকল্পের কাজ মনিটরিং করার জন্য এ কমিটি দায়িত্বপ্রাপ্ত। কিন্তু সরেজমিনে পরিদর্শনের জন্য প্রকল্পগুলো এখনও প্রস্তুত নয় বিধায় সভার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে। আর এপিএ মনিটরিং কমিটির কার্যপরিধি অনুযায়ী চলতি অর্থবছরের মনিটরিং এর মাসিক প্রতিবেদনসমূহ ইতোমধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এপিএ টিম এবং সংশ্লিষ্ট সকলের কাছে প্রেরণ করা হয়েছে। অতপর সভায় আলোচ্যসূচীভিত্তিক নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

**৩.০ আলোচনা:**

সভায় সাইসমিক জরিপ কমিটির সদস্য-সচিব ও পেট্রোবাংলার ব্যবস্থাপক জনাব মোহাম্মদ রবিউল আউয়াল খান অবহিত করেন যে, অক্টোবর-২০২২ মাসে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নভেম্বর মাসে সিসমিক প্রকল্পসমূহের কাজ পুরোদমে শুরু না হওয়ায় ডিসেম্বর মাসে প্রকল্প এলাকা পরিদর্শন করা যেতে পারে। এছাড়াও, সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর আওতাধীন অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় সিসমিক সার্ভে প্রকল্প এলাকায় বিমানবাহিনীর আপত্তির বিষয়টি এখনো পর্যন্ত বিমান বাহিনীর পক্ষ হতে যোগাযোগ করা হয়নি। বিয়ানীবাজার সিসমিক প্রকল্পের বিজিবি এর আপত্তির বিষয়টি জননিরাপত্তা বিভাগ কর্তৃক নথি উপস্থাপনের মাধ্যমে কার্যক্রম চলমান রয়েছে বলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক অবহিত হয়েছেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রচেষ্টায় বিষয়টি দ্রুত নিস্পত্তি হবে বলে আশা করা হচ্ছে। তাছাড়া মাঠ পর্যায়ে কার্যক্রম নির্বিঘ্ন করতে কমিটির পক্ষ হতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।

৩.১। সভাপতি প্রকল্প পরিচালকদের তাদের পাঠানো কর্মপরিকল্পনার ছক অনুযায়ী সর্বশেষ অগ্রগতি জানতে চাইলে বাপেক্সের ব্লক ১৫ এবং ব্লক ২২ সিসমিক প্রকল্পের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, বাপেক্স কর্তৃক ফেনী এবং সিনোপেক কর্তৃক স্বন্দীপ এবং স্বর্ণদীপ এলাকায় সিসিমিক ডাটা একুইজিসন কার্যক্রম শুরু হয়েছে এবং অনফিল্ড প্রসেসিং কার্যক্রমও চলমান রয়েছে। এ যাবৎ বাপেক্স কর্তৃক ৯৪.৩ লাইন কিলমিটার সার্ভে, ৪৮.৩ লাইন কিলমিটার ড্রিলিং ও ১২

লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। এছাড়াও সিনোপেক কর্তৃক ২০৪ লাইন কিলোমিটার সার্ভে, ৮২ লাইন কিলমিটার ড্রিলিং ও ২৭ লাইন কিলোমিটার রেকর্ডিং সম্পন্ন হয়েছে। সর্বোমোট ২৯৮ লাইন কিলোমিটার সার্ভে, ১৩০ লাইন কিলমিটার ড্রিলিং ও ৩৯ লাইন যা মোট প্রকল্পের ৩.৫৪ শতাংশ। প্রকল্প বাস্তবায়নে আপাততঃ কোন চ্যালেঞ্জ নেই এবং নির্দিষ্ট সময়ের মাঝেই ১১০০ লাইন কিলোমিটার এর অধিক ডাটা একুইজিসান সম্পন্ন হবে। ব্লক ৬বি সাউথ এবং ১০ প্রকল্পের পরিচালক জানান যে, তাদের প্রেরিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন ধরনের কার্যক্রমের দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এছাড়াও নভেম্বর মাসে কয়েকটি কার্যক্রমের দরপত্র উন্মুক্ত করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নে কোন প্রতিবন্ধকতা নেই। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স সভায় অহবিত করেন যে জকিগঞ্জ এবং পাথারিয়া স্ট্রাকচারে ৩ডি সিসমিক প্রকল্পের ডাটা একুইজিসান কার্যক্রম আগামী ডিসেম্বর/জানুয়ারী মাসে শুরু হবে এবং ডাটা প্রসেসিং কার্যক্রম পাশাপাশি চলবে ফলে নির্দিষ্ট সময়ে মধ্যে কার্যক্রম সম্পন্ন হবে বলে তারা আশাবাদি।

৩.২। সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড-পরিচালিত বিয়ানিবাজার গ্যাসক্ষেত্রে ১৯১ বর্গ কিলোমিটার ৩-ডি সিসমিক কার্যক্রমের প্রকল্প পরিচালক সভাকে জানান যে, পরিকল্পনা অনুযায়ী তাদের কার্যক্রম চলমান রয়েছে। তবে সীমান্ত সংলগ্ন কিছু এলাকায় সিসমিক ডাটা একুইজিসান এর সময় এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়ে বিজিবি এর আপত্তি রয়েছে। পূর্ণ ফোল্ডের ডাটা একুইজিসান এর জন্য বিজিবি ক্যাম্প এর অভ্যন্তরে এক্সপ্লোসিভ চার্জ এর বিষয়টি গূরুত্বপূর্ণ, অন্যথায় এই অংশ বাদ দিয়ে ডাটা একুজিসান সম্পন্ন করতে হবে। যেহেতু ডাটা একুজিসান প্রক্রিয়াটি একটানা করতে হয় সুতরাং এই অংশ বাদ দিলে পরবর্তীতে আর এখানে ডাটা একুজিসান করা যাবেনা। তারা এ বিষয়ে বিজিবি এর সাথে আলোচনা করেছে এবং পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কে অবহিত করেছে। পরবর্তীতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ বিষয়টি জননিরাপত্তা বিভাগ কে জানিয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (পরিকল্পনা-১) ও কমিটির সদস্য জনাব শাকিল আহমেদ বিষয়টি জন নিরাপত্তা শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে সভাকে অবহিত করেন। তিনি সংশ্লিষ্ট প্রকল্প পরিচালককে এ বিষয়ে ঘনিষ্ঠ যোগাযোগ রক্ষার উপদেশ প্রদান করেন। এছাড়াও অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় ৮৬৫ বর্গ কিলোমিটার ৩ডি প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সিসমিক ডাটা এক্যুইজিসান এর জন্য আপহোল ড্রিলিং কার্যক্রম শুরু হয়েছে, তবে কিছু এলাকা বিমান বাহিনীর হওয়ায় তারা আপত্তি তুলেছে, এ প্রেক্ষিতে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেলেও বিমান বাহিনী তাদের ইউনিটসমূহের সাথে আলোচনা করে বিষয়টি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকে অবহিত করবে বলে জানিয়েছে। সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক জানান যে, বিমানবাহিনীর আপত্তি ছাড়াও সার্ভে এলাকার কিছু অংশ বনবিভাগের আওতাধীন হওয়ায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়টি অত্যাবশ্যাক হিসেবে বিবেচনা করা হচ্ছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপ-সচিব (পরিকল্পনা-১) ও কমিটির সদস্য জনাব শাকিল আহমেদ উক্ত বিষয়টিও সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভায় অবহিত করেন।

৩.৩। বাংলাদেশ গ্যাস ফিল্ড কোম্পানি লিমিটেড-এর ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, হবিগঞ্জ ফিল্ড ও তদ্সংলগ্ন অবমুক্ত এলাকাসহ ৮৭৫ বর্গ কি.মি. এবং বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৫৭৫ বর্গ কি.মি. সহ সর্বমোট ১৪৫০ বর্গ কি.মি. এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনার লক্ষ্যে তারা কার্যক্রম চলমান রেখেছেন। এ বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বাপেক্স এর সাথে তারা যোগাযোগ রক্ষা করে চলেছেন।

৩.৪। সভাপতি চলমান প্রকল্পে যে সকল চ্যালেঞ্জ রয়েছে সেগুলো নিরসনে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকদের সময়ভিত্তিক পরিকল্পনা গ্রহণ করে নিষ্ঠার সাথে নিরবচ্ছিন্নভাবে কাজ সম্পাদন করার জন্য সবাইকে আহ্বান জানিয়ে সভার কাজ শেষ করেন।

**৪.০ সিদ্ধান্ত:**

| ক্রম | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ৪.১ | ক. সিলেট গ্যাস ফিল্ড লিমিটেড এর আওতাধীন অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর সিসমিক সার্ভে প্রকল্প এলাকায় বিমানবাহিনীর আপত্তির বিষয়টি নিষ্পত্তি করতে হবে।<br>খ. বিয়ানীবাজার সিসমিক প্রকল্পের বিজিবি এর আপত্তির বিষয়টি এ বিভাগের পরিকল্পনা উ্বইং এর মাধ্যমে দ্রুত নিস্পত্তি ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>গ. অ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪-এর অবমুক্ত এলাকায় বন বিভাগের কিছু এলাকায় আপহোল ড্রিলিং কার্যক্রম শুরুর নিমিত্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণের ব্্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালকগণ, পেট্রোবাংলা পরিকল্পনা উইং, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৪.২ | মনিটরিং টিম ডিসেম্বর মাসে অন্ততঃ একটি প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করবে; | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.৩ | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ প্রকল্পের পরিমাণগত বাস্তব অগ্রগতির প্রতিবেদন সিসমিক মনিটরিং টিম এর নিকট মাসিক ভিত্তিতে প্রেরণ করবেন; | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক এবং সাইসমিক জরিপ মনিটরিং টিম |
| ৪.৪ | প্রকল্পসমূহের অধীনে গৃহীত কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সংস্থাসমুহের সাথে সময়মত যোগাযোগ রক্ষা করতঃ সঠিক সময়ে কার্যক্রম সম্পাদন করতে হবে। | বাপেক্স, বিজিএফসিএল, এসজিএফএল, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

৫। সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩৬.৯৯.০০২.১৭.১৬৩

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৯
১৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২) যুগ্মসচিব, প্রশাসন-২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৩) উপসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৪) উপসচিব, পরিকল্পনা-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

৫) পরিচালক (পিএসসি) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

৬) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

৭) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

৮) ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

৯) মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) (চলতি দায়িত্ব), টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড


১০) মহাব্যবস্থাপক (পিএন্ডডি), পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন , সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

১১) মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

১২) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

১৩) প্রকল্প পরিচালক, 2D Seismic Survey Over Block 15 & 22 প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম

এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ৩ডি সাইসমিক সার্ভে ওভার জকিগঞ্জ এন্ড পাথারিয়া ওয়েস্ট স্ট্রাকচার প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৫) প্রকল্প পরিচালক, ২ডি সাইসমিক সার্ভে ওভার এক্সপ্লোরেশন ব্লক-৬ বি সাউথ এন্ড ১০ প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১৬) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ লোডিং এন্ড ডেসপাচ) ও প্রকল্প পরিচালক, বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৭) উপ-মহাব্যবস্থাপক (সিএফপি এন্ড সিআরইউ মেইন্টেন্যান্স), এ্যাকারেজ ব্লক-১৩ ও ১৪ এর অবমুক্ত এলাকায় ৩ডি সাইসমিক জরিপ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৮) প্রকল্প পরিচালক, ৩-ডি সাইসমিক জরিপ ডাটা রিভিউকরণ প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১৯) ব্যবস্থাপক, কন্ট্রাক্ট বিভাগ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২০) ব্যবস্থাপক (জিও), জিওলজিক্যাল শাখা, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
২১) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২২) সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)



শাকিল আহমেদ
উপসচিব